কালের কণ্ঠ

তারিখ ... 12 JUL 2016 ...
পৃষ্ঠা ...৫... কলাম ...৬...

### এনএসইউ উপাচার্য

# অনুমতি ছাড়া সেমিস্টার গ্যাপ নয়

**নিজস্ব প্রতিবেদক ▷**

নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম বলেছেন, 'সাম্প্রতিক সময়ে কিছু ঘটনায় নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) নাম এসেছে। তবে উগ্রবাদের একমাত্র উপাদান এনএসইউ হতে পারে না। একজন শিক্ষার্থী সপ্তাহে বিশ্ববিদ্যালয়ে সর্বোচ্চ ১২ ঘণ্টা সময় কাটায়। বাইরের সময়টা তারা বিভিন্ন জায়গায় পার করছে। এ ছাড়া ইলেকট্রনিক মিডিয়া আছে, ইন্টারনেট আছে, যেগুলোর মাধ্যমে এসব কর্মকাণ্ডে আরো বেশি উদ্বুদ্ধ হওয়ার সুযোগ রয়েছে। তার পরও আমরা সিদ্ধান্ত নিয়েছি পূর্বানুমতি ছাড়া কোনো ছাত্র সেমিস্টার গ্যাপ দিতে পারবে না। তাহলে তার ছাত্রত্ব বাতিল হয়ে যাবে।' গতকাল সোমবার এনএসইউ ক্যাম্পাসে কয়েকজন সাংবাদিকের প্রশ্নের জবাবে আতিকুল ইসলাম এসব কথা বলেন।

এনএসইউ উপাচার্য আরো বলেন, 'বিশ্ববিদ্যালয় মাত্র খুলেছে। আমরা অনিয়মিত ছাত্রদের ব্যাপারে তথ্য সংগ্রহ করছি। শিগগিরই সমন্বিত তথ্য পাওয়া যাবে। এরপর ব্যবস্থা নেওয়া হবে। তবে নানা কারণেই শিক্ষার্থীরা অনিয়মিত হয়। পারিবারিক ব্যবসা, অসুস্থতা বা অর্থ সংকটের কারণেও হতে পারে।'